00975/2013

I-797/13

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये

Rs. 100

रु. 100

ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

N 154968

पश्चिमबঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

Certified that the document is admitted to registration. The signature sheet/s and the endorsement sheet/s attached with this document are the part of this document

District Sub-Registrar-I
Alipore South 24 Parganas

28 FEB 2013

Bithi Saha

Probir Kr. Saha

দানপত্র দলিল

দানপত্র গ্রহীতা ঃ-

শ্রী নারায়ণ চন্দ্র সাহা, পিতা স্বর্গীয় নকুল চন্দ্র সাহা, জাতি হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা ব্যবসা, সাকিন - কিউ ৩১, কামডোহরী পূর্ব্ব পাড়া, থানা বাঁশদ্রোণী, কলকাতা - ৭০০০৮৪।

[illegible]

পরগণা মাগুরা, অত্র জেলা কালেকটারীর ১৪ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০,

Scanned by CamScanner

Bithi Saha
Prabir Kr. Saha

**দানপত্র দাতা :-**

১) **শ্রীমতী বীথি সাহা**, স্বামী শ্রী নারায়ণ চন্দ্র সাহা, জাতি হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা গৃহস্থালী, সাবেক সাকিন - ৯নং হরিমতি সরনী, থানা সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা, হাল সাকিন - কিউ ৩১, কামডোহরী পূর্ব্ব পাড়া, থানা বাঁশদ্রোনী, কলকাতা - ৭০০০৮৪।

২) **শ্রী প্রবীর কুমার সাহা**, পিতা হরিদাস সাহা, জাতি হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা ব্যবসা, সাকিন - ৯নং হরিমতি সরনী, থানা সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা।

কস্য নিম্নের তপশীলে বিশেষভাবে বর্ণিত স্থানীয় মাপে কমবেশী ০৩ তিন কাঠা পরিমিত বাস্তু জমি জমা মায় তদুপরিস্থিত ইটের দেওয়াল ও পাকা ছাদ যুক্ত কমবেশ ৩০০ বর্গফুট পরিমিত একতল জীর্ণ গৃহাদি মায় সাজ পাট মায় যাবতীয় আকর আওলাতাদি ও উক্ত জমিতে যাতায়াতের রাস্তার সকল প্রকার ব্যবহারিক রাইট অফ্ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি সম্পূর্ন নির্দায়, নির্দোষ ও মুক্ত অবস্থায় নিঃশর্ত শুভ দানপত্র দলিল পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপরে রিজেন্ট পার্ক, বর্তমানে বাঁশদ্রোনী, এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস আলিপুর, পরগণা মাগুরা, অত্র জেলা কালেকটারীর ১৪ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০,

Scanned by CamScanner

Bithi Saha
Prabir Kr. Saha

জেঃ এলঃ নং ৪৯, অধুনা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের (যাদবপুর ইউনিট) ১১১ নং ওয়ার্ড ভুক্ত ৯২, কামডহরী পূর্ব্ব পাড়া প্রেমিসেস ভুক্ত মৌজা কামডহরী গ্রামে বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধীন সাবেক ডিঃ সেঃ জরীপের ২৯১ নং খতিয়ানের বার্ষিক ৮ৎ টাকা খাজনার রায়ত দখলী স্থিতিবান স্বত্বীয় ৮৩৭ নং দাগের ৬৫ শতক জমি বহু পূর্ব্বে জনৈকা শ্রীমতী পূর্নময়ী দাসীর ষোল আনা স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল। উক্ত ভূম্যাদি শ্রীমতী পূর্নময়ী দাসী একক নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকাবস্থায় বিগত ডিঃ সেটেলমেন্ট জরীপে উক্ত কামডহরী মৌজার ২৯১ নং খতিয়ানে রায়ত স্থিতিবান স্বত্বে উক্ত জমি তাঁহার নামে রেকর্ড ভুক্ত হইয়া চূড়ান্ত স্বত্ব প্রকাশিত ও প্রচারিত হয়।

অতঃপর বিগত ইংরাজী ১৯৩৯ সালের ১লা নভেম্বর তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত এককেতা বিক্রয় কোবালা দলিল দ্বারা উক্ত কামডহরী মৌজার ২৯১ নং খতিয়ান ভুক্ত ৮৩৭ নং দাগের ৬৫ শতক জমি পূর্ব্বোক্ত শ্রীমতী পূর্নময়ী দাসী উপযুক্ত পণ মূল্য গ্রহন করতঃ তাহার ভাবি ওয়ারেশ উত্তরাধিকারিনী তিন কন্যা যথাক্রমে সুরবালা দাসী, ননীবালা দাসী এবং অনিলা বালা দাসীকে সঙ্গে লইয়া মোকাম আলিপুর সদর জয়েন্ট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ২১ নং ভল্যুমের ১৯১ হইতে ১৯৫ নং পাতার লিপিবদ্ধ ইংরাজী ১৯৩৯ সালের ১২৩৬ নং এককেতা সাফ কোবালা দলিল মূলে জনৈক শ্রী রোহিনী কান্ত

Scanned by CamScanner

Bithi Saha
Probir Kr. Saha

কর্ম্মকারের নিকট বিক্রয় করতঃ উক্ত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

অতঃপর উক্ত জমি উল্লিখিত শ্রী রোহিনী কান্ত কর্ম্মকার নিজ খাস দখলে লইয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে সার্ব্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকাবস্থায় এক পুত্র শ্রী মধুসূদন কর্ম্মকারকে ওয়ারেশ ও উত্তরাধিকারী রাখিয়া আর কোন ওয়ারেশ ও উত্তরাধিকারী না রাখিয়া কোনপ্রকার উইলাদি বা হস্তান্তরপত্র সম্পাদন না করিয়া বিগত বাংলা ১৩৪৮ সালের ৫ই আষাঢ় তারিখে বিপত্নীক অবস্থায় পরলোক গমন করিলে তৎত্যক্ত সমগ্র সম্পত্তি উল্লিখিত শ্রী মধুসূদন কর্ম্মকার পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া ষোল আনা অংশের একমাত্র মালিক স্বত্বাধিকারী স্বরূপে ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর বিগত ইংরাজী ১৯৪৯ সালের ১৭ই মে তারিখে উক্ত শ্রী মধুসূদন কর্ম্মকারের নিকট হইতে এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল দ্বারা উক্ত কামডহরী মৌজার ২৯১ নং খতিয়ান ভুক্ত ৮৩৭ নং দাগের জমি হইতে পৃথক চিহ্নিত স্থানীয় পরিমাপে কমবেশী ২ দুই কাঠা ০৮ আট ছটাক বাস্তু জমি উপযুক্ত পণ মূল্যে ৪নং গোপী রায় লেন হাটখোলা, কলকাতা নিবাসী শ্রী নৃপেন্দ্র নাথ রায়ের পত্নী শ্রীমতী কমলা বালা রায় নিজ অর্থে ও স্বার্থে খরিদ করতঃ খাসে

Scanned by CamScanner

Bithi Saha
Probir Kr. Saha.

ভোগ দখল করিতে থাকেন। উক্ত কোবালা মোকাম আলিপুর ডিঃ রেজিষ্ট্রী অফিসের ১নং বহির ৩১ নং ভল্যুমের ২৫১ হইতে ২৫৪ নং পাতায় লিপিবদ্ধ ১৯৪৯ সালের ১৯৯৯ নং সাফ কোবালা দলিল রূপে লিপিবদ্ধ আছে।

অতঃপর উক্ত জমিতে সংকুলান না হওয়ায় উল্লিখিত শ্রীমতী কমলা বালা রায় পুনরায় বিগত ইংরাজী ১৩/০৫/১৯৫০ তারিখে এককেতা সাফ কোবালা দলিল দ্বারা তৎকালে মৃত মধুসূদন কর্ম্মকারের ওয়ারেশ উত্তরাধিকারীগনের নিকট হইতে অর্থাৎ শ্রী অনন্ত লাল কর্ম্মকার, হরিপদ কর্ম্মকার, বিষ্ণুপদ কর্ম্মকার দিং-এর নিকট হইতে উক্ত কামডহরী মৌজার সাবেক ২৯১ নং খতিয়ানের ৮৩৭ নং দাগ ভুক্ত জমি হইতে পৃথক চিহ্নিত ৮ আট ছটাক জমি খরিদ করতঃ পূর্ব্ব খরিদা জমির সামিল করিয়া লইয়া ঐ দাগের মোট ৩ তিন কাঠা জমি নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকেন। এবং উক্ত জমির মধ্যে একতলা ইমারত বাটি ও অন্যান্য গৃহাদি নির্ম্মান করতঃ খাসে বসবাসের দ্বারা ভোগ দখল করিতে থাকেন। উক্ত কোবালা মোকাম আলিপুর ডিঃ সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির ৯১ নং ভল্যুমের ১৭৪ হইতে ১৭৭ নং পাতায় লিপিবদ্ধ সন ইংরাজী ১৯৫৯ সালের ৪৮৯২ নং সাফ কোবালা দলিল রূপে রেজিষ্ট্রী হয়। এবং পরবর্ত্তীকালে উক্ত জমি রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপে উক্ত ২৯১ নং খতিয়ানে উক্ত কমলা বালা রায়ের নাম বরাবর রেকর্ড ভুক্ত হইয়া চূড়ান্ত স্বত্ব প্রকাশিত ও প্রচারিত হয়।

Scanned by CamScanner

Aditi Saha
Fabian Kr Saha

অতঃপর উক্ত শ্রীমতী কমলা বালা রায় তাহার উল্লিখিত জমি জমা মায় তদুপরিস্থিত গৃহাদি সহ সম্পত্তিতে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে একক ষোল আনা মালিক স্বরূপে খাসে ভোগবতী ও দখলকারিনী থাকাবস্থায় তাহার নগদ অর্থের এককালীন বিশেষ আবশ্যকে তাহার প্রাপ্ত উক্ত মৌজা কামডহরী গ্রামে ২৯১ নং খতিয়ানে ভুক্ত ৮৩৭ নং দাগে উল্লিখিত কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১৯৫০ সালে নির্ম্মিত পুরাতন একতলা ইমারত বাটি মায় সর্বপ্রকার ব্যবহারিক রাইট অব্ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি বিগত ইংরাজী ১৯৯২ সালের ৩১শে জুলাই তারিখে সম্পাদিত ও কলিকাতা রেজিষ্ট্রার অব্ এ্যাসুরেন্স অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ১৯৯২ সালের ১৪৭৪৯ নং এককেতা সাফ কোবালা দলিল মূলে সাকিন - ৭নং রাধামোহন পাল লেন, থানা মুচিপাড়া, কলকাতা - ৭০০০১২ নিবাসী অচিন্ত্য কুমার রানা মহাশয়ের পুত্র শ্রী কানাই লাল রানা মহাশয়কে তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত শ্রীমতী কমলা বালা রায় চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন।

অতঃপর উক্ত শ্রী কানাই লাল রানা উপরোক্ত কোবালা দলিল মূলে উক্ত সম্পত্তি খরিদ করিয়া কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের ৯২নং কামডহরী পূর্ব্ব পাড়া প্রেমিসেসে নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি যথারীতি

Scanned by CamScanner

Bithi Saha
Probir Kr. Saha

আদায় দিয়া উহাতে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে একক ষোল আনা মালিক স্বরূপে খাসে ভোগবান ও দখলীকার থাকাবস্থায় তাহার নগদ অর্থের এককালীন বিশেষ আবশ্যকে তাহার খরিদা সূত্রে প্রাপ্ত উক্ত মৌজা কামডহরী গ্রামে ২৯১ নং খতিয়ানে ভুক্ত ৮৩৭ নং দাগে উল্লিখিত কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি সায় তদুপরিস্থিত ১৯৫০ সালে নির্ম্মিত পুরাতন একতলা ইমারত বাটি সায় সর্বপ্রকার ব্যবহারিক রাইট অফ্ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি বিগত ইংরাজী ১২/০৬/১৯৯৫ তারিখে এ. ডি. এস. আর. আলিপুর, দক্ষিন ২৪ পরগণা অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ২৬ নং ভলুমের হইতে নং পাতায় লিখিত ইংরাজী ১৯৯৫ সালের ৫১০৬ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে আমরা অত্র দানপত্র দাত্রী ও দাতা আমাদিগকে তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিক্রয় করিয়া দিয়া বিক্রীত উক্ত সম্পত্তি হইতে উক্ত শ্রী কানাই লাল রানা চিরতরে নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন।

এমত প্রকারে আমরা অত্র দানপত্র দাত্রী ও দাতাদ্বয় উপরোক্ত কোবালা দলিল মূলে উক্ত সম্পত্তি খরিদ করিয়া অধুনা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের (যাদবপুর ইউনিট) ১১১নং ওয়ার্ড ভুক্ত ৯২নং কামডহরী পূর্ব্ব পাড়া প্রেমিসেসে (এ্যাসেসী নং - ৩১-১১১-১২-০০৯২-৪) আমাদের স্বনামে উক্ত সম্পত্তি রেকর্ড ভুক্ত করাইয়া সরকার নির্দ্ধারিত ধার্য্যকৃত ট্যাক্স ও খাজনাদি

Scanned by CamScanner

Prithi Saha
Prabir Kr. Saha

যথারীতি আদায় দিয়া উহাতে অন্যের নিরাংশে ও নির্ব্বিবাদে যৌথ ষোল আনা মালিক স্বরূপে খাসে বসবাসের দ্বারা ভোগবান ও দখলীকার নিয়ত আছি ও হইতেছি।

একনে দানপত্র গ্রহীতা তুমি আমি অত্র ১নং দানপত্র দাত্রী আমার স্বামী হইতেছ। তুমি আমাকে অতিশয় ভালবাস ও স্নেহ কর এবং আমার প্রতি তোমার অকুণ্ঠ ভালবাসা দেখিয়া আমি অত্যন্ত প্রীত ও সন্তুষ্ট। এবং দানপত্র গ্রহীতা তুমি আমি অত্র ২নং দানপত্র দাতা আমার খুড়তুতো ভাই হইতেছ। তুমি আমাকে অতিশয় ভালবাস ও ভক্তি শ্রদ্ধা কর এবং আমার প্রতি তোমার অকুণ্ঠ ভালবাসা দেখিয়া আমি অত্যন্ত প্রীত ও সন্তুষ্ট। আমরাও তোমাকে অত্যন্ত ভালবাসি। আমাদের প্রতি তোমার করনীয় যাবতীয় কর্ত্তব্য তুমি অত্যন্ত নিষ্ঠার সহিত পালন করিয়া আসিতেছ। সেকারনে তোমার ভবিষ্যৎ সুখ স্বাচ্ছন্দের কথা চিন্তা করিয়া ও তোমার প্রতি ভালবাসার নিদর্শন স্বরূপ আমাদের খরিদা সূত্রে প্রাপ্ত উক্ত মৌজা কামডহরী গ্রামে ২৯১ নং খতিয়ানে ভুক্ত ৮৩৭ নং দাগে কমবেশী <u>৩ তিন কাঠা বাস্তু</u> জমি মায় তদুপরিস্থিত ৩০০ বর্গফুট পরিমিত পুরাতন একতলা জীর্ণ ইমারত বাটি মায় যাবতীয় সাজ পাট আকর আওলাতাদি মায় উক্ত জমিতে যাতায়াতের রাস্তার সব্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি তুমি অত্র দানপত্র গ্রহীতা আমরা অত্র দাত্রী ও দাতা আমাদের স্বামী ও ভ্রাতুষ্পুত্র হিসাবে তোমাকে দান করিবার

Scanned by CamScanner

Bithi Saha
Prabir Kr Saha



ইচ্ছা প্রকাশ করিলে তুমি অত্র দানপত্র গ্রহীতা আমাদের উক্ত ক্ষুদ্র দান সানন্দে গ্রহণ করিতে সম্মতি প্রকাশ করিলে আমরা তাহাতে খুবই আনন্দিত হইয়া অত্র দানপত্র দলিল তুমি অত্র গ্রহীতা তোমার নাম বরাবর লিখিয়া উহাতে সহি সম্পাদন পূর্বক রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার পূর্বক ঘোষণা করিতেছি যে :-

অত্র দানকৃত সম্পত্তিতে আমরা অত্র দানপত্র দাত্রী ও দাতার যে সমস্ত স্বত্ব, স্বামিত্ব, দখল অধিকার, হক হকুকাদি ছিল বা আছে, তৎসমুদয় আমাদের কর্তৃক অদ্যকার তারিখ হইতে রদ, রহিত, বিলুপ্ত ও ধ্বংস প্রাপ্ত হইয়া তুমি অত্র গ্রহীতা তোমার প্রতি নির্ব্যূঢ় স্বত্বে বর্তিল ও অর্পিল। তুমি উক্ত দানকৃত সম্পত্তির মালিক ও দখলীকার হইয়া উহাতে আমাদের নামের স্থলে বা আমাদের পূর্বাধিকারীর নামের স্থলে তোমার নিজ নাম কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের (যাদবপুর ইউনিট) অফিসে ও সরকারী দপ্তরে পত্তন পূর্বক সন সন ধার্য্যকৃত খাজনাদি আদায়ে ও দাখিলা গ্রহণে দান, বিক্রয়, বন্ধক, লীজ, উইল মায় যে কোনপ্রকার হস্তান্তর ও রূপান্তর করণের অবাধ ক্ষমতা যুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে যদৃচ্ছামত ভোগ ব্যবহার করিতে পারিবে বা থাকিবে। তাহাতে আমরা দানপত্র দাত্রী ও দাতা মায় আমাদের ওয়ারিশান গণক্রমে কেহ কস্মিনকালে কোনপ্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না

Scanned by CamScanner

Bithi Saha
Prabir Kr. Saha

বা পারিবেক না। যদি কেহ কোনপ্রকার ওজর আপত্তি, দাবী দাওয়া করি বা করে, তবে তাহা অত্র দানপত্র দলিল বলে সর্বত্র সর্বাদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবে।

দানকৃত সম্পত্তি বা তাহার কোন অংশে আমরা দানপত্র দাত্রী ও দাতা ইতিপূর্বে অন্য কাহারো নিকট, কোনপ্রকার দান, বিক্রয়, বন্ধক, লীজ, উইল বা অন্য কোনপ্রকার হস্তান্তর করি নাই বা হস্তান্তরের চুক্তিতে আবদ্ধ হই নাই বা উক্ত সম্পত্তি কোন সংস্থা কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা উক্ত মর্মে কোন নোটিশাদি অদ্যাবধি প্রাপ্ত হই নাই বা উহা কোন মামলা ভুক্ত সম্পত্তি নহে বা উহা কোন দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে। দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দায়, নির্দোষ ও মুক্তাবস্থায় আমাদের ষোল আনা খাস দখলে থাকাকালীন তুমি অত্র দানপত্র গ্রহীতা তোমাকে দান করিয়া দিয়া দানকৃত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ও তোমাকে খাস দখল প্রদান করিলাম।

উক্ত দানপত্র দলিলের বয়ানে কোনপ্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশে যদি ভবিষ্যতে কোন পোষক বা সংশোধন দলিল সম্পাদন করিবার আবশ্যক হয়, তাহা হইলে আমরা তোমার তলবমত ও খরচায় কোনপ্রকার ওজর আপত্তি না করিয়া যেকোন প্রকার পোষক বা সংশোধন দলিল সম্পাদন করিয়া দিতে বাধ্য রহিলাম এবং উক্ত দানকৃত সম্পত্তিতে তুমি গ্রহীতা তোমার নাম পত্তন কালে বা

Scanned by CamScanner

Bithi Saha
Probir Kr. Saha

অন্যান্য কার্য্যে যদি আমাদের কোনপ্রকার সহি সম্পাদন করিবার আবশ্যক হয়, তাহা হইলে আমরা তোমার তলবমত প্রয়োজনীয় সহি সম্পাদন করিয়া দিতেও সম্মত রহিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে অত্র দানপত্র দলিলের মর্ম্ম সম্যক পাঠাত্তে শুনিয়া, বুঝিয়া ও অবগত হইয়া এবং আমাদের কথামত ঠিক ঠিক লেখা হইয়াছে জানিয়া অত্র দানপত্র দলিল তোমার নাম বরাবর সহি সম্পাদন পূর্বক রেজিষ্ট্রী করিয়া দিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০১৩ সালের ২৮শে ফেব্রুয়ারী
মোতাবেক বাংলা ১৪১৯ সনের ১৬ই ফাল্গুন ।।

: দানকৃত সম্পত্তির তপশীল পরিচয় :

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা সাবেক সদর টালিগঞ্জ, তৎপরে রিজেন্ট পার্ক, বর্ত্তমানে বাঁশদ্রোনী, এ্যাডিশন্যাল ডিষ্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস আলিপুর, পরগণা মাগুরা, অত্র জেলা কালেকটারীর ১৪ নং তৌজি ভুক্ত রেঃ সাঃ নং ২০০, জেঃ এলঃ নং ৪৯, অধুনা কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের (যাদবপুর ইউনিট) ১১১ নং ওয়ার্ড ভুক্ত ১১নং বরোর অন্তর্গত ৯২, কামডহরী পূর্ব্ব পাড়া প্রেমিসেস ভুক্ত (এ্যাসেসী নং - ৩১-১১১-১২-০০৯২-৪) মৌজা কামডহরী গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপের ২৯১ নং খতিয়ানে ভুক্ত

Scanned by CamScanner

Bithi Saha
Ricabore Kee Saha.

আর. এস. ৮৩৭ (আটশত সাঁইত্রিশ) নং দাগে কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ৬২ বাষট্টি (১৯৫০ সালে নির্মিত) বৎসরের পুরাতন ৩০০ বর্গফুট পরিমিত ইটের দেওয়াল, সিমেন্টের মেঝে ও পাকা ছাদ যুক্ত পুরাতন একতলা জীর্ণ গৃহাদি মায় সাজ পাট আকর আওলাতাদি মায় জলকল মায় ইলেকট্রিক ফিটিংস মায় জমি সংলগ্ন রাস্তার উপর দেশ ও তলদেশ দিয়া জল, কল, নর্দমা, ইলেকট্রিকের লাইন, টেলিফোনের তার, অবাধ যাতায়াত ও মালামাল আনায়নের সর্ববিধ ব্যবহারিক রাইট অফ্ ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে।

দানকৃত সম্পত্তি অত্র সাথ গ্রথিত নক্সায় লাল রঙের সীমারেখা দ্বারা বেষ্টিত ও চিহ্নিত মতে প্রদর্শিত হইল। উহা অত্র দলিলের একাংশ বলিয়া সর্বত্র গণ্য ও বলবৎ হইবে। দানকৃত সম্পত্তির বার্ষিক হারাহারি খাজনা বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার বাহাদুর অধীন দক্ষিণ ২৪ পরগণা জেলা কালেকটারীর সেরেস্তায় সন সন প্রদেয় হইতেছে।

**: দানকৃত সম্পত্তির চৌহদ্দি :**

| | | |
|---|---|---|
| উত্তরে | : | ১৬'-০'' ফুট প্রশস্থ রাস্তা। |
| দক্ষিণে | : | ৮৩৬ নং দাগে হিমাংশু কুমার দাঁ মহাশয়ের জমি ও বাড়ী। |
| পূর্ব্বে | : | ৮৩৭ নং দাগের অংশে দুর্গারানী রায়ের জমি ও বাড়ী। |
| পশ্চিমে | : | ৮৩৭ নং দাগের অংশে ব্রজবালা ভৌমিকের জমি ও বাড়ী। |

Scanned by CamScanner

অত্র দানকৃত উপরিউক্ত সম্পত্তির আনুমানিক মূল্য ৫,০০,০০০ পাঁচ লক্ষ টাকা।

অত্র দান আমি সানন্দে গ্রহন করিলাম
ও উহার দখলাদী বুঝিয়া পাইলাম।

Hiranmay Ch. Saha
দানপত্র গ্রহীতার স্বাক্ষর

ইসাদী :

১। দীপঙ্কর চক্রবর্তী
আলিপুর পুলিশ কোর্ট
কোলকাতা - ২৭.

২। Gopal Dutta
Alipur Police Court
Kol - 27


Bithi Saha
Probir Kr. Saha

দানপত্র দাত্রী ও দাতার স্বাক্ষর

মুসাবিদাকারক :
Dipankar Chakraborty

কম্পিউটার প্রিন্ট প্রাপ্তি :-
২২নং পঞ্চাননতলা লেন, কোলকাতা -
৭০০০৫৪।
অক্ষর বিন্যাস :-
Avey Kumar Naskar

Bithi Saha
Probir Kr. Saha




Scanned by CamScanner

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................

Signature ..............................



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................


Signature Bithi Saha



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................

Signature Probir kr. Sha.



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ..............................

Signature Narayan Ch. Saha

Scanned by CamScanner

*Certificate of Registration under section 60 and Rule 69.*

**Registered in Book - I**
**CD Volume number 4**
**Page from 2784 to 2802**
**being No 00772 for the year 2013.**

(Humayun Ali) 01-March-2013
DISTRICT SUB-REGISTRAR-I
Office of the D.S.R. - I SOUTH 24-PARGANAS
West Bengal

Scanned by CamScanner